খাতওয়ারী এপ্রিল ২০১৯ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী এপ্রিল ২০১৯ মাসে **সর্বমোট ৩১৮ কোটি ৮২ লক্ষ ৮৩ হাজার ৫২৫ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। এপ্রিল ২০১৯ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ৩৬ কোটি ২৮ লক্ষ ১০ হাজার ১৫০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্থিং হাউজার	৮০ মিটার	৮০,০০০/০০
২।	অয়্যার রোপ/রোপ	৮২০ মিটার	১২,২০,০০০/০০
৩।	ড্রাম	৩০ টি	৪,০০০/০০
৪।	ড্রেজার/বাল্কহেড	০৭ টি	৩,৪০,০০,০০০/০০
৫।	ডিজেল	২,২৮৫ লিটার	২,২৪,৯৫০/০০
৬।	মোবাইল	০৫ টি	১৫,০০০/০০
৭।	সোনা	২৮২.৩ গ্রাম	১০,৮৯,০০০/০০
৮।	শাড়ী	১২,৮১৬ পিস	৫,৮২,৮২,৯০০/০০
৯।	থ্রিপিস	১২০ পিস	৩,০০,০০০/০০
১০।	লেহেঙ্গা	৯২ পিস	৫,৫২,০০০/০০
১১।	হাঙ্গর মাছ/পাংগাস পোনা ও বিভিন্ন ধরণের মাছ	২,৪২৫ কেজি	১০,০৭,৫০০/০০
১১।	বোট/ট্রাক	০৪ টি	৪৪,০০,০০০/০০
১৬।	নগদ টাকা ও অন্যান্য মালামাল	-	৭৮,৮০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০২ টি	-
২।	তাজা গোলা	০৩ রাউন্ড	-
৩।	ব্ল্যাংক কার্টিজ	০৩ রাউন্ড	-
৪।	রামদা/ছুরি	০৮ টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৬,২৪,২৯,৯০০ মিটার	২১৮,৫০,৪৬,৫০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	৫৩৪ পিস	৩,৫৬,০০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৭২,৭৮,৬৭৫ মিটার	৫২,৮৪,৩৭,৮৭৫/০০
৪।	জাটকা	৩৪,৭৪১ কেজি	৯৪,৮৪,০৫০/০০
৫।	রেনু পোনা	২,২৫,৬৩,২৫০ পিস	৪,৫১,২৬,৫০০/০০
৬।	বোট	১৭৭ টি	১,৪২,৩০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৫,১১,০০১ পিস	২৫,৫৫,০০,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১৩১ বোতল/ক্যান	৭৭,৫০০/০০
৩।	গাঁজা	২৩০ গ্রাম	৪,৪০০/০০
৪।	বোট	০২ টি	১০,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১,৭৩২ ঘনফুট	৪৪,২৩,৬০০/০০
২।	বোট	০২ টি	৫,৫০,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	তক্ষক	০১ টি	৬৬,০০,০০০/০০
২।	হরিণের চামড়া	০২ টি	-
৩।	পলিথিলিন	৬,৩২৩ কেজি	৯,৪৮,৪৫০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৩৯ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/ক্রু উদ্ধার	১০ জন	
২।	মৃতদেহ উদ্ধার	০৩ টি	
৩।	বোট উদ্ধার	০১ টি	
		সর্বমোট	**৩১৮,৮২,৮৩,৫২৫/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে এপ্রিল ২০১৯ মাসে **সর্বমোট ২৮১ কোটি ৭৯ লক্ষ ২৪ হাজার ৯২৫ টাকার** ৬,২৪,২৯,৯০০ মিটার কারেন্ট জাল, ৭২,৭৮,৬৭৫ মিটার অন্যান্য জাল, ৩৪,৭৪১ কেজি জাটকা, ৫৩৪ পিছ বেহুন্দি/ মশারি জাল, ২,২৫,৬৩,২৫০ টি রেনু পোনা ও ১৭৭ টি বোট আটক করা হয়।

৪। **অবৈধ অনুপ্রবেশ রোধ**। মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। এপ্রিল ২০১৯ মাসে অত্র বাহিনী কর্তৃক অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকালে কোন ব্যক্তিকে আটক/ ফেরত পাঠানো হয়নি।

৫। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।**

ক। গত ০১ এপ্রিল ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় যে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন মাতারবাড়ী এলাকায় বোট আটক করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। ডাকাত দল কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। পরবর্তীতে উক্ত এলাকা তল্লাশী করে ০১ টি বোট উদ্ধার করা হয় এবং উদ্ধারকৃত বোট মালিকের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ১৯ এপ্রিল ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস চট্টগ্রাম এবং বিসিজি স্টেশান কুতুবদিয়ার সমন্বয়ে কুতুবদিয়া থানাধীন আলী আকবর ডেইল এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ১৬ জন চোরাকারবারী, ০১ টি দেশীয় বন্দুক, ০৩ রাউন্ডস ব্ল্যাংক কার্টিজ, ০৫ টি কিরিচ, ২৪ টি মোবাইল সিম ও ০১ টি বোট উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত চোরাকারবারী, অস্ত্র ও মালামাল কুতুবদিয়া থানায় হস্তান্তর করা হয়।

(গ) গত ২৪ এপ্রিল ২০১৯ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশান হাতিয়া কর্তৃক নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন নিঝুম দ্বীপ ইউনিয়নের মুন্সি গ্রামস্থ এলাকায় ডাকাত বাহিনীর বিরুদ্ধে একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০১ টি পিস্তল ও ০৩ রাউন্ডস তাজ গোলা উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্রাদি হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

ঘ। গত ২৬ এপ্রিল ২০১৯ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, আলফা এ্যাংকরেজ এলাকায় এমভি বিশ্বস্ত পাকি জাহাজে চুরি হচ্ছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি বেইস চট্টগ্রাম ও বিসিজি আউটপোস্ট পতেঙ্গা এর সমন্বয়ে অভিযান পরিচালনা করা হয়। কোস্ট গার্ডর উপস্থিতি টের পেয়ে পালানোর সময় ০৯ জন চোর, ০১ টি দা , ০২ টি ছুরি ও ২২০ মিটার রোপ (ডায়া ০৩ ইঞ্চি) উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত চোর ও মালামাল পতেঙ্গা থানায় হস্তান্তর করা হয়।

৬। **বোট সহায়তা** গত ০৯ এপ্রিল ২০১৯ চট্টগ্রাম বন্দর থানার কর্ণফুলী নদীর সল্ট গোলা এলাকায় নদী পারাপারের সময় একটি বোট পানিতে ডুবে যায়। তৎক্ষণাৎ বিসিজি বেইস চট্টগাম কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ১০ জনকে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃতদের পুলিশের উপস্থিতিতে পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

৭। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান।** এপ্রিল ২০১৯ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।